

১৪/০১/০৭

## ছাত্রদলের ৫ নেতা আটক

নিজস্ব বার্তা পরিবেশক

সেনা সদস্যরা জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় ২ নেতাসহ ৫ ছাত্রদল নেতাকে আটক করেছে। গতকাল বুধবার সকাল ও দুপুরে তাদের আটক করা হয়। তাদের কাছ থেকে অবৈধ পাসপোর্ট উদ্ধার করা হয়েছে বলে জানা গেছে। তাদের ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ খবর ছড়িয়ে পড়লে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ছাত্রদল ক্যাডাররা গা-ঢাকা দিয়েছে।

শেফটারকৃত ছাত্রদল নেতারা হলেন ছাত্রদলের কেন্দ্রীয় নেতা মুক্জামান, মো. লিংকন, কেন্দ্রীয় সদস্য সামছুর দৌজা সুমন, মুরাদ, আবদুল মান্নান ফরহাদ ও মাহবুবুল আজম।

ঢাকা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, গতকাল সকালে রাজধানীর গাবতলী এলাকা থেকে সেনা সদস্যরা ছাত্রদলের ২ নেতাকে আটক করে। তাদের দেয়া স্বীকারোক্তি অনুযায়ী অন্য ৩ জনকে আটক করা হয়। সূত্র জানায়, আটক ছাত্রদল নেতা ফরহাদের কাছ থেকে বিপুল পরিমাণ নকল পাসপোর্ট উদ্ধার করা হয়েছে।